## UNIT-IV (HEALTH & FIRST-AID MANAGEMENT) 4th Semester

### 1. Meaning of First-Aid :- (প্রাথমিক প্রতিবিধানের অর্থ) :-

প্রাথমিক প্রতিবিধান হল ডাক্তারের কাছে যাওয়ার আগে দুর্ঘটনায় আহত ব্যক্তিকে আপৎকালিক সাহায্য। এটি হল দ্রুত এবং অস্থায়ী প্রতিবিধান, প্রাথমিক প্রতিবিধানকারীর কাছে ডাক্তারি চিকিৎসার আশা করলে চলবে না, শুধুমাত্র ডাক্তারি চিকিৎসা শুরু হওয়ার আগে বা হাসপাতালে নিয়ে যাওয়ার আগে একটি আহত ব্যক্তিকে চাহিদা অনুসারে সাহায্য করা। এটি এমন একটি সাহায্য যা, আহত ব্যক্তির ভয় দূর করে এবং অতিরিক্ত আঘাত বেড়ে যাওয়ার সম্ভাবনা হ্রাস করে।

### 2. What is First--Aid? (প্রাথমিক চিকিৎসা কি ?)

কোন আকস্মিক দুর্ঘটনায় আঘাতপ্রাপ্ত অথবা আহত ব্যক্তিকে বা ব্যক্তিদের ডাক্তার আসবার আগে নির্দিষ্ট জ্ঞান দ্বারা দক্ষতার সাথে জীবন রক্ষার বা আরোগ্যের পথে পরিচালিত করার চেষ্টাকে প্রাথমিক চিকিৎসা বলে।

### 3. Defination of First-Aid?

"First-Aid" is the immediate and temporary care given to the victim of an accident or sudden illness.

### 4. প্রাথমিক প্রতিবিধানের মূল উদ্দেশ্যগুলি বর্ণনা কর।

প্রাথমিক প্রতিবিধানের উদ্দেশ্যগুলি তিনটি বিষয়ের উপর প্রতিষ্ঠিত —

i) বিপদাপন্ন ব্যক্তির জীবনকে সংরক্ষণ করা। তাকে সমূহ মৃত্যুর সম্ভাবনা থেকে দূরে সরিয়ে রাখা।

ii) আহত ব্যক্তির আঘাত যাতে আরো দ্রুত ছড়িয়ে না পড়ে বা আরো গুরুতর পর্যায়ের দিকে অগ্রসর না হয় সেদিকে নজর রাখা। রক্তপাত বন্ধ করার দ্রুত পদক্ষেপ নেওয়া।

iii) উত্তেজনা জাগিয়ে তুলে ব্যক্তিকে অজ্ঞান অবস্থায় হাসপাতালে প্রেরণ না করা। আঘাতপ্রাপ্ত ব্যক্তি তেমন গুরুতর নয় এ বিষয়টি ব্যক্তির অন্তঃমনে প্রবেশ করানো। আরোগ্য লাভের জন্য ব্যান্ডেজ বা প্লাস্টার প্রয়োগের ন্যায় সাধারণ চিকিৎসা সেবাই অনেকাংশে মূল চিকিৎসায় রূপান্তরিত হতে পারে।

Scanned with CamScanner

FIRST-AID - 4th Semester

5. প্রাথমিক প্রতিবিধানকারীর করণীয় কর্তব্য :—
Duties of First Aider :—

(i) প্রাথমিক প্রতিবিধানকারীকে সর্বদা সাহায্যের ডাক আসলেই দ্রুত সাড়া দিতে হবে,

(ii) দ্রুত ব্যবস্থা গ্রহণের মধ্য দিয়েই রোগীর জীবন রক্ষা নির্ভর করে।

(iii) প্রাথমিক প্রতিবিধানকারীকে শান্ত ও রীতি সম্মতভাবে আহতের সেবায় লিপ্ত হতে হবে।

(iv) আহত ব্যক্তিকে পরীক্ষা করার ব্যাপারে অযথা বেশী সময় নিলে তার আরোগ্যলাভে বিঘ্ন ঘটবে।

(v) সম্পূর্ণ রোগ নির্ণয়ের আগেই সুস্পষ্ট আঘাতগুলির এবং জীবন বিপন্নকারী অবস্থা যেমন— শ্বাসকষ্ট, রক্তক্ষরণ ও স্নায়বিক আঘাতের চিকিৎসা করতে হবে,

(vi) যদি তৎক্ষণাত হাতের কাছে পাওয়া যায়, তাহলে প্রাথমিক প্রতিবিধানকারীকে তৎকালীন অবস্থা অনুসারে প্রাপ্ত জিনিসের উপর নির্ভর করতে হবে।

(vii) পারিপার্শ্বিক অবস্থা বিশেষভাবে লক্ষ্য করতে হবে।

6. প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী :- (Qualities of good First-Aider)

a) সাহস ও আত্মবিশ্বাস এই দুটি খুবই গুরুত্বপূর্ণ
b) দুর্ঘটনায় স্থির ও শান্ত থাকে।
c) রোগীকে সাহস প্রদান করা।
d) ভিড় এড়িয়ে কাজ করার ক্ষমতা।
e) প্রাথমিক চিকিৎসায় সম্যক জ্ঞান,
f) সবক্ষেত্রে অতি উৎসাহী না হওয়া।
g) রোগীর অবস্থা বিচার ও বিশ্লেষণ করার ক্ষমতা।
h) কৌশলী হওয়া প্রয়োজন।
i) রোগীর আত্মীয় পরিজনদের সাহস প্রদান করা,
j) শারীরিক সক্ষমতার অধিকারী হওয়া প্রয়োজন।

Scanned with CamScanner

# FIRST-AID (4th SEMESTER)

**7. Golden rules of First-Aid :-** (প্রাথমিক প্রতিবিধানের প্রয়োজনীয় নিয়মনীতি)

i) প্রথমেই যা করার তা দ্রুতভাবে সতর্কতার সাথে করতে হবে।

ii) শ্বাস প্রশ্বাস বন্ধ হয়ে গেলে কৃত্রিম উপায়ে শ্বাস প্রশ্বাস চালু করার ব্যবস্থা করতে হবে।

iii) যদি কোন আহত ব্যক্তির রক্তক্ষরণ হয় তাহলে দ্রুত রক্তক্ষরণ বন্ধ করতে হবে।

iv) মারাত্মক আঘাত হলে, তার চিকিৎসা আগে করতে হবে।

v) আহত ব্যক্তি এবং নিকটে উপস্থিত ব্যক্তিদের যথাসম্ভব আশ্বস্ত করতে হবে।

vi) আহত ব্যক্তিদের চারিদিকের ভিড় দ্রুত সরিয়ে দিতে হবে। কারণ সকলে মিলে ঘিরে দাঁড়িয়ে থাকলে হাওয়া বাতাস ঠিকমতো আহত ব্যক্তির কাছে পৌঁছবে না।

vii) অযথা বস্ত্র অপসারণ করা উচিত নয়।

viii) দ্রুত ডাক্তারখানা বা হাসপাতালে আহত ব্যক্তিকে নিয়ে যেতে হবে।

**8. প্রাথমিক প্রতিবিধান প্রাকচর্যা বা প্রাকচারণ (First Aid Management) :—**

I. আহত অংশটি আরামদায়ক অবস্থায় রাখতে হবে।

II. ব্যথা উপশমের চেষ্টা করা।

III. আহত অংশটিকে অনড় অবস্থায় রাখা।

IV. ব্যান্ডেজ ও স্প্লিন্টের সাহায্য নেওয়া।

V. ক্ষত থাকলে চিকিৎসা করা।

VI. আহত ব্যক্তিকে ডাক্তারি পরামর্শের জন্য পাঠানো।

Scanned with CamScanner

9. প্রাথমিক প্রতিবিধানের গুরুত্ব (Importance of First-Aid) :-
প্রাথমিক প্রতিবিধান হলো চিকিৎসা শাস্ত্রের অন্তর্গত একটি প্রাথমিক বিভাগ। এই বিদ্যায় অভিজ্ঞ একজন প্রতিবিধানকারী কেউ দুর্ঘটনায় বা অসুস্থ হলে তাকে সঠিক পদ্ধতিতে ও যত্ন সহকারে প্রাথমিক প্রতিবিধান দিতে পারে। পুরো চিকিৎসা করা প্রতিবিধানের দায়িত্ব নয়, কারন, প্রতিবিধানকারী চিকিৎসক নন। প্রতিবিধানকারী ডাক্তার আসার আগে পর্যন্ত অসুস্থ ব্যক্তির প্রান রক্ষা করা, সুস্থ করার পথ ~~অসুস্থ ব্যক্তির~~ সুগম করা এবং রোগির অবস্থা যেন আরও খারাপ না হয় সেদিকে লক্ষ্য রেখে জীবনরক্ষার ভার নেওয়াই হলো প্রাথমিক প্রতিবিধানের উদ্দেশ্য। First Aid শব্দটি ভাঙলে সহজে প্রাথমিক প্রতিবিধান কী তা বোঝা যায়।

⇒ (F) - Fast (দ্রুত) :- প্রাথমিক প্রতিবিধানকারীকে দ্রুত কাজ সম্পাদন করতে হবে। অন্যথায় রোগীর অবস্থা আরও খারাপ হতে পারে।

⇒ (I) - Investigation (অনুসন্ধান) :- রোগীর অবস্থা ও পারিপার্শ্বিক সবকিছু অনুসন্ধান করে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে।

⇒ (R) - Relif (আরাম) :- সর্বপ্রথম রোগীর যন্ত্রনা লাঘব করে আরামের ব্যবস্থা করতে হবে।

⇒ (S) - Sympathy (সহানুভূতি) :- রোগীকে সহানুভূতির সাথে দেখতে হবে তাহলে সে অনেকটা সুস্থবোধ করবে।

⇒ (T) Treatment (চিকিৎসা) :- প্রতিবিধানকারী দ্রুত তার সাধ্যমতো চিকিৎসার ব্যবস্থা করবে।

⇒ (A) - Arrangement (ব্যবস্থা) :- রোগী প্রাথমিক প্রতিবিধানের পর ডাক্তারের কাছে বা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করতে হবে।

⇒ (I) - Immediate (তৎক্ষণাৎ) :- দ্রুত ব্যবস্থা নিয়ে ডাক্তার বা হাসপাতালে পাঠাতে হবে।

⇒ (D) Disposal (অপসারন করা) :- প্রতিবিধান স্থান থেকে রোগীকে মারাত্মক না হলে বাড়িতে প্রয়োজন হলে হাসপাতালে স্থানান্তর করতে হবে।

Scanned with CamScanner